

# আনন্দবাজার পত্রিকা



ছবির জন্য গল্প  
লিখছেন জিৎ

খোঁজ দিল আনন্দ প্লাস ১৩



বোমা-বন্দুক ছুড়ছে  
মেয়েদের বাহিনী

ভাঙড় নিয়ে চিন্তায় পুলিশ ৬



জাপান সাগরে  
কিমের ক্ষেপণাস্ত্র

ক্ষুব্ধ জাপান, আমেরিকা ৭

ভারতকে লড়াইয়ে  
ফেরালেন পূজারা

জমজমাট দ্বিতীয় টেস্ট ১৫

কলকাতা ২৩ ফাল্গুন ১৪২৩ সপ্তাহের ৭ মার্চ ২০১৭ শহর সংস্করণ ৫ টাকা

২০ পাতা ১১

## শিল্পঋণের সীমা বাড়াচ্ছে বন্ধন ব্যাঙ্ক

নিজস্ব সংবাদদাতা

শিল্পে ঋণ দেওয়ার সর্বোচ্চ সীমা বাড়ানোর পরিকল্পনা করেছে বন্ধন ব্যাঙ্ক। এত দিন তাদের প্রতিটি ঋণ ১ লক্ষ টাকার মধ্যেই রাখা হত। ব্যাঙ্কের কর্ণধার চন্দ্রশেখর ঘোষ জানান, এ বার তা বাড়িয়ে সর্বোচ্চ ক্ষেত্রে করা হবে ১ কোটি টাকা। পাশাপাশি জোর দেওয়া হবে গৃহঋণে।

এ দিকে, ব্যাঙ্কিং পরিষেবা

প্রশিক্ষণের একটি শিক্ষা প্রতিষ্ঠান চালু করেছে বন্ধন ব্যাঙ্ক। দক্ষিণ ২৪ পরগনার রাজপুরে গড়ে ওঠা বন্ধন স্কুল অব ডেভেলপমেন্ট ম্যানেজমেন্ট নামে ওই প্রতিষ্ঠানটি সম্প্রতি উদ্বোধন করেন রিজার্ভ ব্যাঙ্কের আঞ্চলিক ডিরেক্টর রেখা ওয়ারিয়ার। ব্যাঙ্কিং পরিষেবা ক্ষেত্রে এই ধরনের শিক্ষা প্রতিষ্ঠান পূর্ব ভারতে তাঁরাই প্রথম চালু করলেন বলে দাবি চন্দ্রশেখরবাবুর।

তবে ঋণ দেওয়ার জন্য এখনও

বড় শিল্প সংস্থাকে আহ্বান করতে চান না বন্ধন ব্যাঙ্ক কর্তৃপক্ষ। চন্দ্রশেখরবাবু বলেন, ঋণের অঙ্ক বাড়ানো হলেও আগের মতোই তা দেওয়ার লক্ষ্য ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্পই।

বন্ধন ব্যাঙ্ক অবশ্য গৃহঋণে জোর দেবে। কম খরচে বাড়ি তৈরির জন্য ঋণ দিতেই তাঁরা বেশি আগ্রহী বলে জানান চন্দ্রশেখরবাবু। এ বার থেকে ১২ লক্ষ টাকা পর্যন্ত গৃহঋণ দেবে বন্ধন ব্যাঙ্ক।

ব্যাঙ্ক কর্তৃপক্ষের দাবি, ইতিমধ্যেই তাঁদের গ্রাহক সংখ্যা ১ কোটি ছুঁয়েছে। চন্দ্রশেখরবাবু জানান, বর্তমানে দেশে তাঁদের ৮২৭টি শাখা। এটিএম ২৭৭। আগামী এক বছরে তাঁরা নতুন ৫০০০ কর্মী নিয়োগ করবেন। বর্তমানে কর্মী সংখ্যা ২৩ হাজার।

চন্দ্রশেখরবাবু বলেন, নতুন যে-সব কর্মী নিয়োগ করা হবে, তার একটা অংশ নেওয়া হবে তাঁদের নিজস্ব শিক্ষা প্রতিষ্ঠান থেকেই।